দৈনিক জনকণ্ঠ

তারিখ 0 4 NOV 1994
পৃষ্ঠা ১২ কলাম ৬

০৩

**ধাওয়ার মুখে নেতৃবৃন্দ**

# বেসরকারী শিক্ষকদের মহাসমাবেশ রূপান্তরিত হলো অবস্থান ধর্মঘটে

**স্টাফ রিপোর্টার ॥** পাঁচ দফা দাবিতে ঢাকায় মহাসমাবেশ করতে আসা পাঁচ হাজারেরও বেশি বেসরকারী প্রাথমিক শিক্ষক ব্যর্থ মনোরথ নিয়ে ফিরে গেছেন। বিক্ষুব্ধ প্রাথমিক শিক্ষকরা পান্থপথের সমাবেশ স্থলে নেতাদের না পেয়ে জাতীয় প্রেস ক্লাবের সামনে এসে অবস্থান ধর্মঘট করেন। প্রেস ক্লাবের সামনে শিক্ষকরা বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির তিন নেতাকে ধাওয়া করেন।

শিক্ষকরা অভিযোগ করেছেন, মহাসমাবেশের নামে চাঁদা তুলে সমিতির নেতারা তাঁদের কাছ থেকে কয়েক লাখ টাকা নিয়েছেন।

বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি নামে শিক্ষকদের একটি সংগঠন ঢাকায় পান্থপথে মহাসমাবেশের কর্মসূচী ঘোষণা করেছিল বেশ আগে। এ জন্য দেশের ১৩ হাজার ৩৪৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে ১০০ টাকা করে চাঁদাও নেয়া হয়। পান্থপথের মহাসমাবেশে প্রধান অতিথি থাকার কথা ছিল প্রধানমন্ত্রী খালেদা জিয়ার। প্রধানমন্ত্রীর দফতর থেকে লিখিতভাবে আমন্ত্রণ গ্রহণের কথাও জানানো হয়েছিল। শিক্ষক সমিতির নেতারা আশ্বাস দিয়েছিলেন, প্রধানমন্ত্রী এই মহাসমাবেশে এসে পাঁচ দফা দাবি মেনে নেয়ার ঘোষণা দেবেন। কিন্তু গত ১ নবেম্বর বাংলাদেশ টেলিভিশনের খবরে মহাসমাবেশ স্থগিত করার কথা ঘোষণা করা হয়। এ ঘোষণায় বেসরকারী প্রাথমিক শিক্ষকদের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়ে। নেতাদের ভাবগতি সুবিধার নয় দেখে তাঁরা নিজেরাঢাকার মহাসমাবেশের কর্মসূচী অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নেন।

বৃহস্পতিবার বেলা একটার পর দেশের বিভিন্ন এলাকা থেকে পাঁচ হাজারের বেশি প্রাথমিক শিক্ষক পান্থপথে এসে সমবেত হন। নেতাদের কাউকে খুঁজে না পেয়ে তাঁরা বেলা দু'টায় জাতীয় প্রেস ক্লাবের সামনে এসে অবস্থান নেন। জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষুব্ধ শিক্ষকরা সমিতির নেতাদের খোঁজাখুজি করেন ও তাঁদের বিরুদ্ধে শ্লোগান দেন। বেলা তিনটায় তিন নেতা প্রেসক্লাবের সামনে এলে বিক্ষুব্ধ শিক্ষকরা তাঁদের ধাওয়া করেন। তারা প্রেস ক্লাবের ভিতরে গিয়ে আশ্রয় নেন। পরে পুলিশ এসে তাঁকে উদ্ধার করে নিয়ে যায়।